

ফ্রান্সে সকল শিশুকে সংঘাত এবং সুযোগ নেয়ার বিপদ থেকে প্রতিরক্ষা করা হয়।

তোমার যদি মনে হয় তুমি বিপদে পড়েছ বা তোমাকে দিয়ে জোরপূর্বক কিছু করানো হলে জেনে রেখ যে ফ্রান্সে তোমাকে প্রতিরক্ষা দেয়া হবে।



তোমার বয়স ১৮ বছরের কম হলে এবং ফ্রান্সে যদি তোমার বাবা মা না থাকে, তবে ফ্রান্সে আগমনের সাথে সাথে তোমাকে রক্ষা করা এবং থাকার ব্যবস্থা করে দেয়া ফ্রান্স সরকারের দায়িত্ব। তুমি যদি তোমার পরিবার হারিয়ে ফেলে থাকো তবে রেড ক্রস তাদেরকে খুঁজে বের করতে এবং তাদের সাথে একত্রিত হতে তোমাকে সহায়তা করবে।

পুলিশ তোমাকে রক্ষা করবে। তাদের কাছে যাও অথবা ১৭ নম্বরে ফোন কর (ফরাসি)। চাইলে **বিপদগ্রস্ত শৈশব কে ১১৯ নম্বরে** ফোন করতে পার (বিনামূল্যে কল, ২৪ ঘণ্টা, ফরাসি বা ইংরেজিতে)।



নিজের পরিচয়পত্র নিজের কাছে রাখ, অন্য কাউকে তা দিবে না এবং ফটো তুলে কপি করে রাখ। অনলাইনে এগুলো শেয়ার করোনা।

পরিষ্কার কোন চিহ্ন দিয়ে সনাক্ত করা যায় এমন ব্যক্তিদের কাছ থেকেই কেবল সাহায্য গ্রহণ করবে যেমন একটি জ্যাকেট বা কোন কার্ড। দূরভিসন্ধি আছে এমন ব্যক্তি সামাজিক গণমাধ্যমেও তোমাকে সহায়তা করার প্রতিশ্রুতি দিবে (বাসস্থান, যাতায়াত, চাকরি)। তাদের থেকে দূরে থেক।

